

Modernizing Voter Registration Procedure in place of Obsolete 'Halnagad' System

- উদ্যোগী কর্মকর্তার নাম: রনি আহমেদ
- পদবি: উপজেলা নির্বাচন কর্মকর্তা
- কর্মস্থল: ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ

১. গভর্নেন্স সমস্যার বর্ণনা (Problem Identification)

(সমস্যার কারণ ও ফলাফল উল্লেখ করুন)

- হালনাগাদের মাধ্যমে ভোটার নিবন্ধন করলে স্বচ্ছতার অভাব থাকে;
- অন্যান্য বিভাগের লোকজন নিয়জিত থাকায় জবাবদিহিতার ঘাটতি থাকে;
- ভোটারের প্রদানকৃত ডেটা যথাযথভাবে যাচাই করা সম্ভব হয় না;
- ভোটার তালিকায় ভুল তথ্য থাকার সম্ভাবনা বেড়ে যায়;
- মৃত ভোটার কর্তন অনেক কম হয়;
- নাগরিকদের ভোগান্তি বৃদ্ধি পায়;
- গণতান্ত্রিক প্রক্রিয়ার বাধা সৃষ্টি হয়;

২. সংস্কার উদ্যোগের বর্ণনা (Wayout & Result)

(পাইলটিং বিবেচনায় নিয়ে সমস্যা সমাধানের উপায় ও ফলাফল উল্লেখ করুন)

- ইউনিয়ন পর্যায়ে একজন প্রতিনিধি নিয়োগের মাধ্যমে সারা বছর ভোটার নিবন্ধন ও মৃত ভোটার কর্তন চালু রাখা।
- **CMS-** এ জন্ম নিবন্ধন, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র স্বয়ংক্রিয়ভাবে যথার্থতা প্রতিপাদন করবে;
- ফলাফলঃ
 - নাগরিকদের জন্য সহজ, সময়োপযোগী ও ভোগান্তিমুক্ত সেবা প্রদান করা যাবে;
 - স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে;
 - অধিকতর শুদ্ধ জাতীয় পরিচয়পত্র প্রস্তুত হবে;
 - মৃত ভোটার কর্তনের পরিমাণ বৃদ্ধি পাবে;
 - নির্ভুল ভোটার তালিকা প্রস্তুত হবে;

৩. সংস্কার উদ্যোগের প্রস্তাবিত পরিসংখ্যান

(ক) পাইলট সংস্কার উদ্যোগের শিরোনাম: “বছরব্যাপী ভোটার সেবাঃ নিবন্ধন ও কর্তন”

(খ) কোন্ প্রতিষ্ঠান উদ্যোগটি বাস্তবায়ন করবে?

উপজেলা নির্বাচন অফিস, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ

(গ) কোথায় পাইলটিং হবে? পাইলটিং বিবেচনার যৌক্তিকতা কী?

আঠারবাড়ী ইউনিয়ন; উপজেলা পরিষদ থেকে সবচেয়ে দূরের ইউনিয়ন, তারা যাতে শুধুমাত্র বায়মেট্রিক ও ছবি তোলার জন্য একদিন উপজেলায় এসেই ভোটার নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করতে পারেন।

৩. সংস্কার উদ্যোগের প্রস্তাবিত পরিসংখ্যান

(ঘ) পাইলটিং কখন শুরু এবং কখন সমাপ্ত হবে?

আগস্ট ১ – অক্টোবর ৩১, ২০২৫

(ঙ) পাইলটিং এর ফলে কতজন ব্যক্তির কী উপকার হবে এবং কী পরিমাণ অর্থের সাশ্রয় হবে?

* প্রায় ১০০০ জন নাগরিক নির্বাচন অফিসের সেবা ইউনিয়ন পর্যায়ে পাবে।

* ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম, ২০২৫ -এ বরাদ্দ ছিলো প্রায় ১৯০ কোটি টাকা। আঠারবাড়ী ইউনিয়নের জনসংখ্যা প্রায় ৫৫ হাজার, গাণিতিকভাবে উক্ত ইউনিয়নের জন্য বরাদ্দ-

$= (১৯০/১৮) * ০.০০৫৫ = ০.০৫৮১$ কোটি বা ৫ লাখ ৮১ হাজার টাকা

সাধারণত ৩ বছর পর পর হালনাগাদ হয়; আমি যদি একজন ইউনিয়ন প্রতিনিধি দশ হাজার টাকা মাসিক হারে নিয়োগ প্রদান করি, তবে বেতন বাবদ ৩,৬০,০০০/- টাকা খরচ হবে অর্থাৎ প্রায় ২,২১,০০০/- টাকা সাশ্রয় হবে।

* এছাড়াও সেবার মান বৃদ্ধি পাবে ও কর্মঘন্টা সাশ্রয় হবে।

8. পাইলট বাস্তবায়নের সাথে কারা-কারা সম্পৃক্ত হবেন এবং তাদেরকে কীভাবে কাজে লাগানো যাবে? (Stakeholder Analysis & their Management)

- স্থানীয় প্রশাসনঃ
 - উপজেলা নির্বাহী অফিসার তার সকল সভা-সেমিনারে ইউনিয়ন প্রতিনিধির মাধ্যমে ভোটার নিবন্ধন, কর্তন ও অন্যান্য সেবা প্রাপ্তির সুযোগ সম্পর্কে অবহিত করতে পারে;
 - সমাজসেবা অফিসার তার ইউনিয়ন পর্যায়ের উদ্যোক্তার মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে প্রচারনার জন্য সহায়তা করতে পারে;
- স্থানীয় জনপ্রতিনিধি বিশেষভাবে ইউপি চেয়ারম্যান ও সদস্যগণ সার্বিক সহযোগিতা করবে। নাগরিকত্ব সনদ ও শনাক্তকারী হিসাবে তারা ইউনিয়ন প্রতিনিধিকে সাহায্য করবে।
- ইউনিয়ন ডিজিটাল সেন্টারের সহযোগিতা নেয়া হবে। জন্মনিবন্ধন সনদ প্রাপ্তিতে জনগণকে সার্বিক সহযোগিতা করবে।

৫. পাইলট সংস্কার বাস্তবায়নে বিভিন্ন ধরনের রিসোর্স কীভাবে কী প্রয়োজনে কাজে লাগানো হবে? (Resource Mobilization)

- প্রযুক্তিঃ ইউনিয়ন প্রতিনিধি অনলাইনে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে সহযোগিতা করবে।
- CMS-এ জন্মনিবন্ধন, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র স্বয়ংক্রিয়ভাবে যাচাই প্রতিবাদন করার ব্যবস্থা করতে হবে। এইক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র অনুবিভাগের আইটি সেলের সহযোগিতা লাগবে।
- মৃত ব্যক্তির সংবাদ এলাকায় প্রচারিত হয়। ভোটার তালিকা থেকে নাম কর্তনের জন্য ইউনিয়ন প্রতিনিধি পদক্ষেপ গ্রহণ করবে।

৬. সংস্কার উদ্যোগটি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিস্তারিত কার্যক্রম (Details of Activities)

ক্রম	কার্যক্রম	কে বাস্তবায়ন করবে	বাস্তবায়নের নির্ধারিত সময়	সমন্বয়ের বিষয়/মন্তব্য
১।	ইউনিয়ন পর্যায়ে একজন প্রতিনিধি নিয়োগ	UEO	৩ মাস	
২।	প্রশিক্ষণ প্রদান	UEO/AUEO	৭ দিন	
৩।	মনিটরিং	UEO/AUEO	প্রতি মাসে ১ বার	
৪।	ত্রৈমাসিক সভা	UEO	প্রতি ৩ মাসে ১ বার	

৭. পাইলট সংস্কার উদ্যোগটি এগিয়ে নিয়ে যাওয়া, এর বন্ধ হওয়া রোধ করা, অভীষ্ট গ্রুপের নিকট এটিকে জনপ্রিয় করা, মনিটরিং কার্যক্রম এবং এর রোলপ্লেট/রোলিং আউটসহ টেকসইকরণ বিষয়ে কী-কী কৌশল গ্রহণ করা হবে? (Sustainability Strategies)

- মাসিক প্রতিবেদন গ্রহণ;
- সেবাগ্রহীতার মতামত গ্রহণ;
- প্রিন্ট, ইলেকট্রনিক ও সোশ্যাল মিডিয়ায় প্রচারণা;
- সফল হলে অন্যান্য ইউনিয়নে রোল-আউট করা;